মেহেরপুরে আন্ত: ইউনিয়ন ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে তারুণ্যর উৎসব নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৫ই জানুয়ারি) দুপুর দুইটার দিকে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা স্টেডিয়াম এই ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার গাজী মূয়ীদুর রহমান, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন, পি.আই.ও সাইদুর রহমান, সমাজসেবা অফিসার আছিসুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মোঃ ররিকুল ইসলাম, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান টোকন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, বৈষম্য ছাত্র আন্দোলনের আহবায়ক ইমতিয়াজ আহমেদসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ‘দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ’ কার্যক্রম বিষয়ক সেমিনার

মেহেরপুরে “দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম: বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ করণীয়” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দিনব্যাপী শহরতলীর বামনপাড়াস্থ সিডিপি মিলনায়তনে মেহেরপুর

শহর সমাজ সেবা কার্যালয় এ সেমিনারের আয়োজন করে।

শহর সমাজ সেবা কর্মকর্তা সোহেল মাহমুদের সভাপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজ সেবা অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী কাদের ফজলে রাব্বি, মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ আরিফ তালুকদার, সমাজসেবা রেজিষ্ট্রেশন কর্মকর্তা কাজী আবুল মুনসুর।

অন্যদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, সদর থানার ওসি তদন্ত জাহাঙ্গীর সেলিম, সিডিপির প্রোগ্রাম ডিরেক্টর জন প্রভঞ্জন বিশ্বাস, শহর সমাজ সেবা সমন্বয় পরিষদের সভাপতি রাহিনুর্ জামান পোলেন, দক্ষতা উন্নয়ন বিভাগের প্রশিক্ষক এস এম রাসেল, আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন, সমাজ সেবাসহ সরকারি বেশ কয়েকটি প্রতিষ্ঠানে খুব সহজেই তরুণদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যাতে করে দেশে দক্ষ জনশক্তি তৈরি হয় এবং তারা নিজেরা স্বাবলম্বি হতে পারে। প্রশিক্ষণের পাশাপাশি প্রশিক্ষনার্থীদের উদ্যোক্তা তৈরি করার ক্ষেত্রে কম সুদে ঋণ দেওয়ার ব্যবস্থা রয়েছে সমাজ সেবা কার্যালয়ে, যাতে করে তরুণ-তরুনীরা প্রশিক্ষণ নিয়ে কর্মসংস্থানে নিজেকে নিয়োজিত করতে পারে। নতুন এবং যুগপোযোগী ট্রেড প্রশিক্ষণে যুক্ত করার বিষয়ে বক্তারা একমত পোষণ করেন।

সেমিনারে বিভিন্ন দপ্তরের ২৫ জন কর্মকর্তা, প্রশিক্ষক, প্রশিক্ষনার্থী অংশ নেন।

মেহেরপুরে বিএনপি নেতা অ্যাড. কামরুল হাসানের ব্যক্তি

উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসানের ব্যক্তি উদ্যোগে শীত বস্ত্র বিতরণ করা হয়।

এসো দূর করি শীতার্ত মানুষের কষ্টের কালো রাত, তাদের হাতে রাখি সহানুভূতির আপন হাত স্লোগানে বুধবার (১৫ই জানুয়ারি) সকাল ৯ টার দিকে পৌরসভার ৯ নং ওয়ার্ডের স্টেডিয়াম পাড়া এলাকায় পাঁচ শতাধিক মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

বিএনপির প্রবীণ নেতা জুয়াদ আলীর সভাপতিত্বে শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান।

বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজি মিজান মেনন ও জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু।

এই সময় আরো উপস্থিত ছিলেন, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহাবুব সানি, মোঃ ছাত্রনেতা, সৌরভ হোসেন, ইলিয়াস হোসেন, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, নাহিদ আহমেদ, জনি প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৮৬ টি প্রাথমিক বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান

শিক্ষক

গ্রামীণ জনপদ মেহেরপুর সদর উপজেলার যুগিন্দা গ্রাম। এই গ্রামের যুগিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৫ বছর ধরে প্রধান শিক্ষক নেই। একজন সহকারি শিক্ষককে প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব পালন করছেন। এমন বিদ্যালয়ের সংখ্যা অনেক।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, মেহেরপুর জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে ৩০৮টি। প্রধান শিক্ষকের মঞ্জুরিকৃত পদ ৩০৭ টি। কর্মরত আছে ২২১ জন। মেহেরপুর সদরে ১০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫০টিতে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে।

গাংনী উপজেলায় ১৬১ টির মধ্যে ২১ টিতে, মুজিবনগরে ৩৮ টির মধ্যে ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। কোনো কোনো বিদ্যালয়ে দুইযুগের অধিক সময় ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য। দীর্ঘবছর এসব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদ পুরণ না করায় প্রশাসনিক কর্মকান্ড পরিচালনায় ব্যাহত হচ্ছে। সহকারি শিক্ষক থাকার কথা ১৭৫৪ জন। আছে ১৬৩৩ জন। অর্থাৎ ১২১ জন সহকারির শিক্ষদের পদও শূন্য রয়েছে।

সদর উপজেলার যুগিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদে চলতি দায়িত্বে আছেন ওই স্কুলের সহকারি শিক্ষক আবদুল কুদ্দুস। তিনি বলেন, ৬জন শিক্ষকের পদ থাকলেও ৩ জন আছি। এরমধ্যে আমাকে প্রশাসনিক দায়িত্বপালন করতে হয় আবার ক্লাসও নিতে হয়। প্রশাসনিক কাজে বা বিভিন্ন সভায় যোগদান করতে হয় প্রায় প্রতিদিন। ফলে আমি ক্লাস নিতে পারিনা। এর ফলে বিদ্যালয়ের স্বাভাবিক পাঠদান ব্যাহত হয়। সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১১ বছর ধরে প্রধান শিক্ষকের পদ শূণ্য।

হাসনাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মো. আলফাজ হোসেন প্রধান শিক্ষকের দায়ীত্বে আছেন ২০১৮ সাল থেকে। তিনি জানান, ৭ জন শিক্ষকের পদ থাকলেও আছেন ৪ জন। তিনি সরকারের বিভিন্ন কাজের দায়ীত্ব পালনসহ বিদ্যালয়ের প্রশাসনিক কাজের চাপে ক্লাস নিতে পারেন না। বিদ্যালয়ে প্রাক প্রাথমিক ক্লাস সংযুক্ত হওয়াতে ৩ জন শিক্ষক একসাথে ৩টি ক্লাস নিলে অপর তিনটি ক্লাসের শিক্ষার্থীরা ক্লাসের বাইরে খেলা ধুলায় মত্ত থাকে। শিক্ষকরা একটানা ক্লাস নিতে

হাঁপিয়ে ওঠেন। অনেকসময় কোন ক্লাস নেয়া সম্ভব হয়না শিক্ষকদের।

সদর উপজেলার বর্শিবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৫ বছর প্রধান শিক্ষক পদে শিক্ষক নাই। বিদ্যালয়ের সহকারি শিক্ষক তাহমিনা সুলতানা চলতি দায়িত্ব পালন করছেন। বিদ্যালয়ে ৬ জন শিক্ষকের স্থলে আছেন ৪ জন। একজন পিটিআই-এ। তিনি প্রশাসনিক কাজে ব্যাস্ত থাকেন। ২ জন শিক্ষককে ৬টি শ্রেণির ক্লাস নিতে হয় পালা করে। একাধিক শিক্ষকের সঙ্গে কথা বলে জানা গেছে, শহর এলাকায় বা শহরতলীর স্কুলগুলোতে অবসরের কারণে পদ শূন্য হলে অন্য এলাকা থেকে বদলি হয়ে পদ পূরণ হয়। কিন্তু প্রত্যন্ত এলাকার স্কুলগুলোতে অবসরে যাওয়ার পর পদ শূন্যই থেকে যাচ্ছে। তাই প্রতিবছরই বাড়ছে প্রধান শিক্ষকের পদশূন্য স্কুলের সংখ্যা। বর্শিবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী রেবেকা সুলতানা জানান শিক্ষক সংকটে কোনদিন চারটি, কোন দিন ৩টি ক্লাস হয়। শিক্ষক সংকটে তারা শিক্ষা বঞ্চিত হচ্ছেন।

সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির ছাত্র আকরাম হোসেন অভিযোগ করেন, শিক্ষক সংকটে ক্লাসে বাড়ির জন্য পড়া দেয়া হয়না। বছর শেষে সিলেবাস শেষ না হবার কারণে তারা বার্ষিক পরীক্ষায় অধিকাংশ প্রশ্নের উত্তর লিখতে ব্যর্থ হয়। এই শিক্ষার্থী বলেন- এর চেয়ে সপ্তাহের তিনদিন ওয়ান থেকে ২য় শ্রেণি এবং আর তিনদিন ৩য় থেকে পঞ্চম শ্রেণির ক্লাস নেয়া হলে প্রতি শিক্ষার্থী উপকৃত হবেন। পিছিয়ে পড়ার হার কমবে।

প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির একজন নেতা জানান, জেলা শহর ও শহরের উপকন্ঠের গ্রামগুলোর একটি বিদ্যালয়েও প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকপদ শূন্য নাই। রাজনৈতিক ও প্রশাসনের সহায়তায় এসব শিক্ষা প্রতিষ্ঠানে জেলা শহরের নাগরিক শিক্ষকরা প্রধান শিক্ষক পদ পেয়ে যান। গ্রামীন কোন শিক্ষক জেলা শহরে প্রধান শিক্ষক থাকতে পারেনা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, প্রধান শিক্ষকের পদগুলো ৬৫ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং ৩৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের বিধান রয়েছে। দীর্ঘদিন ধরে সরাসরি প্রধান শিক্ষক পদে নিয়োগ করা হচ্ছে না। আবার সহকারি শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদোন্নতি দেওয়াও বন্ধ রয়েছে। তাই প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণ করা যাচ্ছে না।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. রুহুল আমীন বলেন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সহকারি শিক্ষকদের পদোন্নতির প্রক্রিয়া শুরু করছে। পদোন্নতি হলে শূন্য পদগুলো পূরণ করা যাবে। শহরের স্কুলগুলোতে অবসরের কারণে পদ শূন্য হলে পূরণ হয়। কিন্তু প্রত্যন্ত এলাকায় অবসরে যাওয়ার পর শূন্যই থেকে যাচ্ছে।

মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আবদুল্লø◌াহ আল আমিন বলেন, প্রাথমিক বিদ্যালয়েই শিশুদের শিক্ষার ভিত তৈরি হয়। তাই সেখানে পাঠদান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য শিক্ষক শূন্যপদ এবং প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণের জন্য সরকারের উদ্যোগ নেওয়া প্রয়োজন।

কক্সবাজারে কিশোরীকে ধর্ষণের প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

কক্সবাজারের চকরিয়ার প্যারাবনে কিশোরীকে দলবদ্ধ ধর্ষণের প্রতিবাদে মেহেরপুরের আমঝুপিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে মউকস্থ বাজার সংলগ্ন এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন। শিশু ও কিশোরী ধর্ষণ প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বক্তব্য রাখেন মউক-এর সিনিয়র ম্যানেজার মুরাদ হোসেন এবং প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।

অনুষ্ঠানে জনপ্রতিনিধি, সাংবাদিক, যুবসমাজের প্রতিনিধি, এবং বিভিন্ন শ্রেণি-পেশার প্রায় শতাধিক মানুষ অংশগ্রহণ করেন। মানববন্ধনটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী আবুল কালাম।

মেহেরপুরে জেলা বিএনপির জনসভা

মেহেরপুরে জেলা বিএনপির উদ্যোগে বুড়িপোতা ইউনিয়নে জনসভা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার (১৪ই জানুয়ারি) বিকেল চারটার দিকে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নে এ জনসভার আয়োজন করা হয়।

বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি নাসির উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

এসময় জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, আনছা-উল -হক, হাফিজুর রহমান হাফি, সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা জেলা ছাত্রদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি অ্যাডভোকেট মীর আলমগীর ইকবাল (আলম), জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চে আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, ইসমাইল শাহ, দবির, জনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা

মেহেরপুরে ৪৬ তম জাতীয় দিবস ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা বিজ্ঞান বিষয়ক সেমিনার ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৪ই জানুয়ারি) সকাল দশটার দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদের হলরুমে ৪৬ তম জাতীয় দিবস ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা বিজ্ঞান বিষয়ক সেমিনার ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠান প্রধান অতিথি উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম।

এ সময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রভাষক খাইরুল ইসলাম, সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আব্দুল আল মামুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফারুক উদ্দিন, পি আই মোঃ সাইদুর রহমান, জাতীয় নাগরিক কমিটির সদস্য হাসনাত জামান সৈকত প্রমুখ।

মেহেরপুর সীমান্ত থেকে ১৮টি সোনার বারসহ ভারতীয় নাগরিক আটক

মেহেরপুরের মুজিবনগর সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে ১৮টি সোনার বারসহ নুর হোসেন নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।

আজ মঙ্গলবার (১৪ জানুয়ারি) সকাল ১০টার দিকে মুজিবনগর বিজিবি কোম্পানী কমাণ্ডার সুবেদার জামাল হোসেনের নেতৃত্বে বিজিবির একটি টিম এ অভিযান পরিচালনা করেন। আটক নুর হোসেন ভারতের

পশ্চিমবঙ্গ প্রদেশের নদীয়া জেলার চাপড়া থানার হৃদয়পুর গ্রামের সোনাই শেখের ছেলে।

মুজিবনগর বিজিবি কমান্ডার হাবিলদার রফিকুল ইসলাম বলেন, মুজিবনগর সীমান্তের ১০৪/৫ এস নং পিলার এলাকায় ভারতীয় এক নাগরিক সোনা পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন কমাণ্ডার লে: কর্নেল সাইদ মোহাম্মদ জাহিদুর রহমানের তত্ত্বাবধায়নে কোম্পানি কমান্ডার সুবেদার জামাল হোসেন সহবিজিবি সদস্যরা আগে থেকে অবস্থান নেন। বিজিবি টহলদল সন্দেহভাজন এক ব্যক্তিকে পায়ে হেটে নুর হোসেন এলাকা দিয়ে সীমান্তের দিকে যেতে দেখে চ্যালেঞ্জ করে। বিজিবি’র টহল দলের উপস্থিতি টের পেয়ে নুর হোসেন ভারতের অভ্যন্তরে দৌড়ে পালানোর চেষ্টা করলে টহলদল তাকে আটক করে। পরে তাকে জিজ্ঞাসাবাদ করা হলে সে তার পরিচয় নিশ্চিত করে। আটক নূর হোসেনের কোমরের সাথে প্যান্টের ভিতর স্কচটেপ দিয়ে মোড়ানো ৩টি প্যাকেটের মধ্যে থেকে ১৮ টি সোনার বার উদ্ধার করা হয়। উদ্ধারকৃত সোনার ওজন ২ কেজি ১৮ গ্রাম।

এ ঘটনায় হাবিলদার রফিকুল ইসলাম বাদী হয়ে মুজিবনগর থানায় মামলা দায়ের করা হয়েছে এবং সোনার বারগুলি মেহেরপুর ট্রেজারী অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতি নির্বাচনে ৪২ জনের মনোনয়ন দাখিল

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচনে ৪২ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদকসহ বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বিতা করতে প্রার্থীরা মনোনয়ন জমা দিয়েছেন।
গতকাল সোমবার রাত সাড়ে ৭ টার দিকে মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির কার্যালয়ে এইসকল মনোনয়নপত্র জমা করা হয়।
নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মোঃ আব্দুস সালাম, সদস্য

মাহবুবুল হক মন্টু ও মাহাবুব চান্দু মনোনয়নপত্র গ্রহণ করেন। মনোনয়ন পত্র দাখিলের সভাপতি পদের প্রার্থীরা হলেন মো: মনিরুজ্জামান দিপু ও আবু ইউসুফ মিরন, সিনিয়র সহ-সভাপতি পদের মোহাম্মদ মোস্তাফিজুর রহমান টোটন ও বাবলু রহমান, সহ-সভাপতি পদে মোঃ শাহিন মল্লিক ও রায়হান কবির, সাধারণ সম্পাদক পদে মোঃ মেহেদী হাসান মিলন, সোহেল আহম্মেদ ও শহিদুল ইসলাম, সিনিয়র যুগ্ম সম্পাদক পদে মোঃ ইবনে সাদাত তুষার ও তাজুল ইসলাম, যুগ্ম সম্পাদক পদে আলমগীর বাদশা শিল্টন ও মানিক হোসেন, সাংগঠনিক সম্পাদক পদে মোঃ শাহিনুল ইসলাম শাহীন ও সামসুল আযম লিল্টু, কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ কামাল হোসেন ও সাহেদুজ্জামান রিপন, দপ্তর সম্পাদক পদে মোঃ শফিউল আলম শিল্টু ও আব্দুস সালাম, প্রচার সম্পাদক পদে মোঃ সাইদুর রহমান সাঈদ ও এস. এ খান শিল্টু, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ জিয়ারুল ইসলাম ও মোঃ সুজন, ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ রকিবুজ্জামান জনি ও ইমাদুল হক, ধর্ম বিষয়ক সম্পাদক পদে মোঃ হারুন অর রশিদ হিরা ও আব্দুল লতিফ, সাংস্কৃতিক ও নাট্য সম্পাদক পদে মোঃ রেমিম ও এমদাদুল ইসলাম, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক পদে মোহাম্মদ সাদেকুজ্জামান খান ও মাকসুদুর রহমান রুমন, প্রহরা বিষয়ক সম্পাদক পদে মোঃ আজগর আলী সুমন মনোনয়নপত্র দাখিল করেছেন।
এছাড়াও সদস্য পদে মনোনয়ন পত্র দাখিল করেছেন মোহাম্মদ মিজানুর রহমান মিল্টন, মোঃ রাকিব হোসেন, মোঃ হামিদুল ইসলাম, মোঃ ওবাইদুল ইসলাম, রাজন আহম্মেদ, মোঃ জয়নাল আবেদীন, মোঃ হামিদুল ইসলাম, মোঃ আব্দুল জব্বার, মোঃ নাজমুল ইসলাম ও মোঃ রবিউল ইসলাম।
নির্বাচন পরিচালনা কমিটির সূত্রে জানা গেছে,
ঘোষিত তফসিল অনুযায়ী ১৪ জানুয়ারি মনোনয়নপত্র যাচাই-বাছাই ও ১৯ জানুয়ারি প্রত্যাহারের শেষ দিন। পরে প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে এবং প্রতীক বরাদ্দ করে নির্ধারিত তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে কৃষক ও রিটেইলার সমাবেশ

কাশেম সিড কোম্পানী লিমিটেডের উদ্যোগে মেহেরপুরে কৃষক ও রিটেইলার সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার দুপুরের দিকে মেহেরপুর কমিউনিটি সেন্টার হলে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।
হেদায়েতুল ইসলাম সভাপতিত্বে সমাবেশের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাপানের সুমিয়া লুথার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিস্টার কানিফু। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ম্যানেজার সিরাজুল ইসলাম, শফিকুল ইসলাম, তৌফিক এলাহী, জাহিদুর রহমান, কামরুল ইসলাম, সিরাজুল ইসলাম, সাইদুর রহমান, শাহাবুদ্দিন আহমেদ, অতুল বিশ্বাস, তরিকুল ইসলাম, সুরুজ আহমেদ, ইব্রাহিম হোসেন, সাদিকুল ইসলাম, সিরাজুল ইসলাম প্রমূখ। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান সেখানে র্যাফেল ড্র ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।